



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 18
Class - 2

Subject : Bengali Text
Topic : ধন্য ডাক্তারি

Date : 16.10.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

১) 'ধন্য ডাক্তারি' কবিতাটি কে লিখেছেন, এই কবিতায় রোগীর নাম কী, সে কোথা থেকে কোথায় এসেছিল ও তার কী রোগ হয়েছিল?

উঃ 'ধন্য ডাক্তারি' কবিতাটি লিখেছেন কবি সুকান্ত ভট্টাচার্য। এই কবিতায় রোগীর নাম হল বদ্যিনাথ। সে পল্লিগ্রাম থেকে কলকাতায় এসেছিল। তার সর্দি হয়েছিল।

২) ডাক্তার বদ্যিনাথের চিকিৎসা করতে এসে কী কী বলেছিলেন?

উঃ ডাক্তার বদ্যিনাথের চিকিৎসা করতে এসে বলেছিলেন প্রথমে এক্স-রে করে দেখতে হবে বদ্যিনাথের রোগটা কেমন। এরপর মুখে থার্মোমিটার রেখে দেখতে হবে। আইস্-ব্যাগ মাথায় দিয়ে একদিন থাকতে হবে। তারপর ইঞ্জেকশান নিতে হবে আর পরে অক্সিজেনও দিতে হবে।

৩) 'ধন্য ডাক্তারি' কবিতার কবি সম্পর্কে চারটি বাক্য লেখ।

উঃ বাংলা সাহিত্যের সমস্ত শ্রেষ্ঠ কবিদের মধ্যে অন্যতম হলেন সুকান্ত ভট্টাচার্য। তাঁর বেশিরভাগ কবিতায় গরিব মানুষের দুঃখ আর যন্ত্রণার কথা লেখা আছে। তিনি শুধু কবিই ছিলেন না, কবিতা লেখার সাথে তিনি বিভিন্ন গান, গল্প, নাটক এবং প্রবন্ধও রচনা করেছিলেন। তাঁর লেখা উল্লেখযোগ্য কয়েকটি কাব্যগ্রন্থ হল, - 'ছাড়পত্র', 'মিঠেকড়া', 'ঘুম নেই', 'অভিযান' প্রভৃতি।

_____ x _____

Rita Das